প্রথম আলো

তারিখ ... NOV 11 2006 ...
পৃষ্ঠা ... কলাম ...

পড়তে চান বিদেশে

# পর্যটনের দেশ মরিশাসে উচ্চশিক্ষা

হারুন অর রশিদ সাগর

আফ্রিকা মহাদেশের সম্ভাবনায় ও প্রাকৃতিক সৌন্দর্যশোভিত একটি ছোট্ট দ্বীপ মরিশাস। এখানে পড়াশোনার খরচ অন্যান্য দেশের তুলনায় অনেক কম, শিক্ষার মানও যথেষ্ট ভালো। তা ছাড়া ইউরোপ, এশিয়া, অস্ট্রেলিয়া মহাদেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্কের কারণে এখান থেকে পড়াশোনা শেষ করে ইউরোপীয় ইউনিয়নভুক্ত বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ পাওয়া অপেক্ষাকৃত সহজ। আর এ দেশে যাওয়ার জন্য ভিসা পেতে খুব বেশি সমস্যা না হওয়ায় এ দ্বীপ রাষ্ট্রে আজকাল অনেকেই উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী হচ্ছেন। মরিশাসে পড়াশোনার মাধ্যম ইংরেজি। তবে কিছু কিছু বিষয়ে ফ্রেঞ্চ ভাষায় পড়াশোনা করা যায়। এখানে উচ্চতর কোর্সগুলোর জন্য সাধারণত বছরে এক লাখ ৪৪ হাজার টাকা লাগে।

এ ছাড়া ডিপ্লোমা কোর্সের জন্য প্রায় ৫৭ হাজার এবং সার্টিফিকেট কোর্সগুলোর জন্য প্রায় ৫৬ হাজার টাকা লাগে। থাকা-খাওয়া ও অন্যান্য খরচ বাংলাদেশ থেকে কিছুটা বেশি। তবে বিভিন্ন পর্যটন এলাকা, হোটেল, রেস্টুরেন্টে শিক্ষার্থীরা পার্টটাইম কাজ করতে পারেন।

আগ্রহীদের কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান বাছাই করে ভর্তি প্রক্রিয়া জানার জন্য ই-মেইল বা ডাকযোগে আবেদন করতে হবে, তারপর শিক্ষাপ্রতিষ্ঠান থেকে উত্তর পাওয়ার পর যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে সম্পর্কে পূর্ণাঙ্গ জানার জন্য লিখতে হবে।

প্রতিষ্ঠানটি যদি আপনাকে যোগ্য মনে করে, ... নির্ধারিত ঠিকানায় পাঠিয়ে দেবে। এবার প্রসপেক্টাস ও ভর্তির তথ্য অনুযায়ী একাডেমিক কাগজপত্রের সত্যায়িত নোটারাইজড ফটোকপি, পুলিশ ছাড়পত্রের ফটোকপি, অন্য আনুষঙ্গিক কাগজপত্র ইংরেজিতে অনুবাদ করিয়ে নির্দিষ্ট ঠিকানায় পাঠিয়ে দিন। ভর্তি নিশ্চিত হলে কাগজপত্র এবং যাবতীয় প্রক্রিয়া শুরু করুন।

নির্ধারিত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ভর্তি নিশ্চিত করার পর পাসপোর্ট, আর্থিক সামর্থ্যের প্রমাণপত্র ও অন্যান্য কাগজপত্র নিয়ে দিল্লিস্থ মরিশাসের এম্বেসি থেকে ভিসা প্রক্রিয়া করতে হবে।

মরিশাস সরকার 'ইউনিভার্সিটি অব টেকনোলজি'তে বিভিন্ন বিষয়ে পড়াশোনার জন্য 'ইউনিভার্সিটি স্কলারশিপ' নামে একটি বৃত্তি দিয়ে থাকে।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীকে প্রায় ৪৪ হাজার টাকা থেকে শুরু করে ৭৬ হাজার টাকা প্রদান করতে হয়। বিস্তারিত জানা যাবে www.ncb.intnet.mu ঠিকানার ওয়েব সাইট থেকে।

মরিশাসে পড়াশোনা করতে চাইলে সরাসরি যোগাযোগ করতে পারেন বিশ্ববিদ্যালয়গুলোর ওয়েব সাইটের মাধ্যমে।

ইউনিভার্সিটি অব মরিশাস:
www.uom.ac.mu
ইউনিভার্সিটি অব টেকনোলজি:
www.ncb.intnet.mu
মরিশাস ইনস্টিটিউট অব এডুকেশন:
www.mie.intnet.mu
মহাত্মা গান্ধী ইনস্টিটিউট: